দৈনিক ইনকিলাব

তারিখ 08 JUN 2008
পৃষ্ঠা ৫ কলাম ৭

# প্রবেশপত্র পেয়েও বহু সংখ্যক শিক্ষার্থী পরীক্ষা দিতে পারছে না

স্টাফ রিপোর্টার

শুধু একাদশ শ্রেণীতে নিবন্ধিত শিক্ষার্থীই নয়, প্রবেশপত্র হাতে পাওয়ার পরও হাজার হাজার পরীক্ষার্থী এইচএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নিচ্ছে না। বৃহস্পতিবার পর্যন্ত এ সংখ্যা দাঁড়িয়েছে প্রায় ৩০ হাজার পাঁচশ'তে। বিশেষজ্ঞরা বলছেন, যথাযথ প্রস্তুতির অভাব কিংবা প্রত্যাশা অনুযায়ী প্রথম দিকের পরীক্ষা ভালো না হওয়ায় এসব পরীক্ষার্থী ঝড়ে পড়ছে। ঢাকা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ড. জয়নুল আবেদীন বলেন, যারা ঠিকমতো প্রস্তুতি নিতে পারেনি মূলত তারাই

পৃঃ ৪৫ঃ ৪ক

## প্রবেশপত্র পেয়েও

প্রথম পৃষ্ঠার পর

পরীক্ষায় অংশ নিচ্ছে না। এছাড়া অনেক ভাল ছাত্র আছে যারা একটি পত্রে খারাপ হওয়ার পর আশানুরূপ ফলাফল করতে না পারার আশঙ্কায় পরবর্তী পরীক্ষাগুলোতে অংশ নেয় না। তারা হয়তো পরবর্তী বছর আরো ভালো করবে। তবে কেন্দ্র থেকে পাঠানো তথ্যে কিছু গরমিলের কারণেও এবার অনুপস্থিতির সংখ্যা বেশী দেখা যাচ্ছে বলে উল্লেখ করেন তিনি। ড. জয়নুল আবেদীন বলেন, দেখা যাচ্ছে, প্রথম দিন যারা অনুপস্থিত ছিল দ্বিতীয় দিনেও তাকে অনুপস্থিত দেখিয়ে দুইদিনের অনুপস্থিতির তথ্য পাঠানো হচ্ছে। এতে সংখ্যাটি বেশী মনে হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষের হিসাবে ২৯ মে শুরু হওয়া এইচএসসি ও সমমানের পরীক্ষায় নয়, বোর্ডে ৩০ হাজার ৪৯৭ শিক্ষার্থী অনুপস্থিত ছিল। এর মধ্যে প্রথম দিনে অনুপস্থিত ছিল ৮ হাজার ৭২৭, দ্বিতীয় দিনে ৭ হাজার ৫৩০, তৃতীয় দিনে ৫ হাজার ৮৯০ এবং চতুর্থ দিনে অনুপস্থিত ছিল ৮ হাজার ৩৫০ শিক্ষার্থী। চার পরীক্ষায় ৭০০১ অনুপস্থিত নিয়ে ঢাকা বোর্ড ছিল শীর্ষে। এছাড়া রাজশাহীতে ৩২৪১, যশোরে ২২৬৫, বরিশালে ১১৭৮, সিলেটে ১০২৯, কুমিল্লায় ১৮৮৩ এবং চট্টগ্রামে ১৪৩৫ শিক্ষার্থী অনুপস্থিত ছিল। আলীম ও এইচএসসি বিএম-এ অনুপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা যথাক্রমে ৫৬৯৮ এবং ৬৭৬৭।

চলতি বছর সাতটি শিক্ষা বোর্ড, একটি মাদ্রাসা ও একটি কারিগরি বোর্ডের মোট ছয় লাখ সাত হাজার ৬৫৪ জন নিয়মিত শিক্ষার্থী একাদশ শ্রেণীতে নিবন্ধন করে। এদের মধ্যে পরীক্ষা দিচ্ছে ৪ লাখ ৬৪ হাজার ৩৫৭ জন। এ হিসাবে এক লাখ ৪৩ হাজার ২৯৭ শিক্ষার্থী পরীক্ষার ফরম পূরণের আগেই ঝরে পড়ে। আর প্রবেশপত্র হাতে পাওয়ার পরও প্রথম চারটি পরীক্ষায় ঝরে পড়েছে ৩০ হাজার ৪৯৭ জন। পরীক্ষা শেষে এ সংখ্যা আরো বাড়বে বলে মনে করছেন শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা। সাতটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে ২৯ মে থেকে ২০০৮ সালের এইচএসসি পরীক্ষা শুরু হয়েছে। একই সাথে মাদ্রাসা বোর্ডের অধীনে আলীম ও কারিগরি বোর্ডের অধীনে এইচএসসি বিএম (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষাও অনুষ্ঠিত হচ্ছে। এ বছর নিয়মিত ও অনিয়মিত মিলিয়ে এইচএসসি ও সমমানের পরীক্ষার্থী মোট সংখ্যা ছিল ৬ লাখ ২০ হাজার ২০।